

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ৮, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/০৮ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর : ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.৩২২—আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মার্কিন সাময়িকী 'ফোর্বস' কর্তৃক ০১ নভেম্বর ২০১৭ তারিখে 'The World's Most Powerful Women in 2017' শীর্ষক তালিকা প্রকাশ করা হয়েছে। এই তালিকায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান ৩০তম। উল্লেখ্য, উক্ত সাময়িকীর ২০১৬ সালের তালিকায় তাঁর অবস্থান ছিল ৩৬তম। এ ছাড়া, যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কভিত্তিক আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সাময়িকী 'ফরচুন' কর্তৃক ২০১৬ সালে প্রকাশিত World's Greatest Leaders-শীর্ষক বিশ্বের পঞ্চাশ জন প্রভাবশালী নেতার তালিকায়ও শেখ হাসিনা দশম স্থানভুক্ত হন।

২। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা একের পর এক গুরুত্বপূর্ণ সম্মাননা ও স্বীকৃতি অর্জনের মাধ্যমে আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে ক্রমাগত সুসংহত করে চলেছেন। এরই ধারাবাহিকতায় প্রথিতযশা সাময়িকী 'ফোর্বস' কর্তৃক 'The World's Most Powerful Women in 2017' শীর্ষক তালিকায় স্বীয় অবস্থান উন্নত করার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ২২ কার্তিক ১৪২৪/০৬ নভেম্বর ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(১৬৭১৯)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ২২ কার্তিক ১৪২৪
০৬ নভেম্বর ২০১৭

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মার্কিন সাময়িকী 'ফোর্বস' কর্তৃক ০১ নভেম্বর ২০১৭ তারিখে 'The World's Most Powerful Women in 2017' শীর্ষক তালিকা প্রকাশ করা হয়েছে। 'ফোর্বস'-এর নিয়ামক অনুযায়ী এ-সকল নারী স্ব স্ব ক্ষেত্রে দেশের জাতীয় আয় কিংবা ব্যবসা-প্রতিষ্ঠানের রাজস্ব বিবেচনায় বহুল সম্পদ নিয়ন্ত্রণ এবং বিশাল জনগোষ্ঠীকে প্রভাবিত করেন। রাজনীতি, ব্যবসা, অর্থসংস্থান, বিজ্ঞান, প্রযুক্তি ও মানবকল্যাণ খাতে প্রতিনিধিত্বকারী নারীরা আছেন ১০০ জনের এই তালিকায়। এই তালিকায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবস্থান ৩০তম। উল্লেখ্য, উক্ত সাময়িকীর ২০১৬ সালের তালিকায় তাঁর অবস্থান ছিল ৩৬তম। এ ছাড়া, যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কভিত্তিক আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সাময়িকী 'ফরচুন' কর্তৃক ২০১৬ সালে প্রকাশিত World's Greatest Leaders-শীর্ষক বিশ্বের পঞ্চাশ জন প্রভাবশালী নেতার তালিকায়ও শেখ হাসিনা দশম স্থানভুক্ত হন।

রোহিঙ্গা ইস্যুতে মিয়ানমারের স্টেট কাউন্সিলর অং সান সু কি'র বিপরীতে বাংলাদেশের প্রধানমন্ত্রী কর্তৃক সুদৃঢ় মানবিক অবস্থান গ্রহণ করে মিয়ানমার থেকে প্রাণরক্ষার্থে পালিয়ে আসা রোহিঙ্গাদের সার্বিক সহায়তা ও আশ্রয় দানের প্রেক্ষাপটে ফোর্বস সাময়িকী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-কে 'লেডি অব ঢাকা' অভিধায় অভিহিত করে। একান্তরের মুক্তিযুদ্ধের সময় নিরস্ত্র বাঙালির ওপর পাকিস্তানিদের বর্বরোচিত গণহত্যা ও ধর্ষণের দুর্বিষহ স্মৃতিচারণ করে রোহিঙ্গাদের পুনর্বাসনব্যয় বহনে বাংলাদেশ গর্ববোধ করে মর্মে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার মহানুভবতাপূর্ণ ও প্রত্যয়দীপ্ত বক্তব্যকে ফোর্বস সাময়িকী বিশেষ গুরুত্বের সঙ্গে উপস্থান করে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তর্জাতিক পর্যায়ে কার্যকর নেতৃত্বদানের সক্ষমতা, গণতান্ত্রিক মূল্যবোধ ও এর সুষ্ঠু বিকাশের ক্ষেত্রে আপসহীন ভূমিকা, সুশাসন প্রতিষ্ঠার ঐকান্তিক প্রয়াস, বিশ্ব-মন্দাজনিত প্রতিকূলতা সত্ত্বেও বাংলাদেশের অর্থনীতির সম্প্রসারণ এবং আর্থ-সামাজিক উন্নয়নসহ বিভিন্ন মানব-উন্নয়ন সূচকের ধারাবাহিক উর্ধ্বগামিতা তাকে বিশ্বের দরবারে সুউচ্চ আসনে সমাসীন করেছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা একের পর এক গুরুত্বপূর্ণ সম্মাননা ও স্বীকৃতি অর্জনের মাধ্যমে আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে ক্রমাগত সুসংহত করে চলেছেন। এরই ধারাবাহিকতায় প্রথিতযশা সাময়িকী 'ফোর্বস' কর্তৃক 'The World's Most Powerful Women in 2017' শীর্ষক তালিকায় স্থায়ী অবস্থান উন্নত করার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতার করার জন্য মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd